বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০১৪.১৬.০০১.২২৫ তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২০২৩

**বিষয়: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী বাস্তবায়নকৃত একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে।**

সূত্র: স্মারক নং ৪২.০১.০০০০.০১৪.১৬.০০১.১২৮; তারিখ: ০৮ ফেব্রুয়ারি, ২০২৩

উপযুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী বাস্তবায়নকৃত একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের নিমিত্ত গত ০৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক জনশুমারী ও গৃহগণনা প্রকল্প ২০২১ এর আওতায় উদ্ভাবিত "Computer Assisted Personal Interviewing (CAPI)” উদ্ভাবনী উদ্যোগ এর কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। বর্ণিত প্রকল্প পরিদর্শনের প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৭-০২-২০২৩
আরিফ ইকরামুল আজিম
সিস্টেম এনালিষ্ট ও ইনোভেশন অফিসার
ইমেইল: sa.ict@bwdb.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩) মুহাম্মদ শহিদ শিকদার, প্রোগ্রামার, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও ইনোভেশন টিমের সদস্য।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী বাস্তবায়নকৃত একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন প্রতিবেদন

## প্রেক্ষাপট

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ২.২.৫ অনুসারে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের লক্ষ্যে গত ৮ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্মারক নং ৪২.০১.০০০০.০১৪.১৬.০০১.১২৮ অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক জনশুমারী ও গৃহগণনা প্রকল্প ২০২১ এর আওতায় উদ্ভাবিত "Computer Assisted Personal Interviewing (CAPI)" উদ্ভাবনী উদ্যোগ এর কার্যক্রম পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শন টিমে উপস্থিত ছিলেন জনাব আরিফ ইকরামুল আজিম, সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন অফিসার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং মুহাম্মদ শহিদ শিকদার, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

## উদ্ভাবনের পেছনের গল্প

পরিসংখ্যান আইন ২০১৩ অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে সরকারি পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। পরিসংখ্যান আইন অনুযায়ী বিভিন্ন শুমারি যেমন জনশুমারি ও গৃহগণনা, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি, অর্থনৈতিক শুমারি ও বিভিন্ন জরিপ পরিচালনা করা এ প্রতিষ্ঠানের কর্মপরিধিভুক্ত। ইতোপূর্বে সম্পন্নকৃত জাতীয় পর্যায়ের শুমারিসমুহের তথ্য সংগ্রহের কার্যক্রম ম্যানুয়ালি কাগজে মুদ্রিত প্রশ্নপত্রের মাধ্যমে সম্পন্ন করা হতো। ফলশ্রুতিতে তথ্য সংগ্রহ, তথ্য প্রক্রিয়াকরণ ও প্রতিবেদন প্রকাশে দীর্ঘ সময়, নানাবিধ সমস্যা ও ভুলত্রুটির কারণে সংগৃহীত তথ্যের ব্যবহার উপযোগিতা নিয়ে প্রশ্ন দেখা দিত। তাছাড়া ম্যানুয়াল পদ্ধতিতে তথ্য সংগ্রহের সময় যথাযথ মনিটরিং ছিল না বিধায় সংগৃহীত তথ্যের বিশুদ্ধতা রক্ষা করা অনেকক্ষেত্রে দূরূহ হত।

## উদ্ভাবনী উদ্যোগের সাফল্য

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ নিজস্ব জনবল দিয়ে জনশুমারি ও গৃহগণনার তথ্য CAPI (Computer Assisted Personal Interview) পদ্ধতিতে সংগ্রহের জন্য Digital Population & Housing Census নামক মোবাইল অ্যাপ্লিকেশন, এডমিন ওয়েব অ্যাপ্লিকেশন এবং API Server প্রস্তুত করে। এ সকল অ্যাপ্লিকেশনের সমন্বয়ে CAPI সিস্টেম পরিচালিত হয়। ম্যানুয়াল পদ্ধতিতে শুমারি ও জরিপ পরিচালনায় সৃষ্ট বিভিন্ন সমস্যা উত্তরণের লক্ষে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবারই প্রথম দেশব্যাপী ডিজিটাল শুমারি পরিচালনা করে এবং ৩,৯৫,০০০ হাজার ট্যাব ব্যবহার করে CAPI পদ্ধতিতে মাঠপর্যায় হতে তথ্য সংগ্রহ করে। যার ফলশ্রুতিতে দ্রুততম সময়ে গত ১৫-২১ জুন ২০২২ অনুষ্ঠিত জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর দেশব্যাপী প্রত্যেক ব্যক্তি ও খানার নির্ভুল তথ্য সংগৃহীত হয়েছে এবং এক মাসেরও কমসময়ে প্রাথমিক প্রতিবেদন প্রকাশ করা সম্ভব হয়েছে। উক্ত ডিজিটাল সিস্টেম ব্যবহার করে তথ্য সংগ্রহের সময় সফটওয়্যারে ইমপ্লিমেন্টেড সুচিন্তিত ডেটা ভেলিডেশন রুলের জন্য নির্ভুল তথ্য সংগ্রহ করা সম্ভব হয়েছে। এছাড়া, পেপার বেইজড ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ডিজিটাল ডিভাইস ট্যাবলেট ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহের ফলে কিছু ক্ষেত্রে (বিশেষ করে বিপুল সংখ্যক শুমারি প্রশ্নপত্র মুদ্রণ, পরিবহণ, পূরণকৃত প্রশ্নপত্র স্ক্যান, দীর্ঘকাল সংরক্ষণ) সরকারি অর্থের সাশ্রয় হয়েছে।

## অভিজ্ঞতা বিনিময়

পরিদর্শনকালে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর সম্মেলন কক্ষে একটি উদ্ভাবনী উদ্যোগ সম্পর্কিত অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাগণ ছাড়াও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর জনাব মোঃ মতিউর রহমান, মহাপরিচালক, জনাব মোঃ দিলদার হোসেন, প্রকল্প পরিচালক, জনশুমারী ও গৃহগণনা ২০২১ প্রকল্প, জনাব প্রতীক ভট্টাচার্য্য, উপ-প্রকল্প পরিচালক (অর্থ) ও আয়ন-ব্যয়ন  কর্মকর্তা, জনশুমারী ও গৃহগণনা ২০২১ প্রকল্প, জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট, তথ্য ও ব্যবস্থাপনা বিভাগসহ অন্যান্য কর্মকর্তাগণ।






চিত্র: পরিদর্শন সেমিনার



২৭-০২-২০২৩

আরিফ ইকরামুল আজিম
সিস্টেম এনালিষ্ট ও ইনোভেশন অফিসার
ইমেইল: sa.ict@bwdb.gov.bd